সংসদে বিরোধীদলের ফের ওয়াকআউট



সংসদ অধিবেশন। ছবি: সংগৃহীত

‘জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর বিল, ২০২৬’ সংশোধিত আকারে পাস হওয়ার পর সংসদে তীব্র বিরোধিতা জানিয়ে অধিবেশন থেকে আবারও ওয়াকআউট করেছে প্রধান বিরোধী দল।

শুক্রবার (১০ এপ্রিল) সন্ধ্যা ৭টা ৩৫ মিনিটের দিকে বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমানের নেতৃত্বে বিরোধীরা অধিবেশন ত্যাগ করেন। সে সময় স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে সংসদীয় কার্যক্রম চলছিল।

বিশেষ কমিটির আলোচনায় হওয়া সমঝোতা উপেক্ষা করে বিলটি সংশোধিতভাবে পাস করা হয়েছে বলে অভিযোগ তুলে বিরোধীরা দীর্ঘ বিতর্কের পর এ সিদ্ধান্ত নেন। এর আগে সরকারি দলের বিরুদ্ধে চুক্তিভঙ্গের অভিযোগ আনেন বিরোধীদলীয় নেতা।

ওয়াকআউটের আগে তিনি স্পিকারের ভূমিকা নিয়েও প্রশ্ন তোলেন এবং নিরপেক্ষতা হারানোর অভিযোগ করেন। পরে বেরিয়ে যাওয়ার সময় তিনি বলেন, দুঃখের সঙ্গে আজ আমরা সংসদ থেকে ওয়াকআউট করছি।

চলতি অধিবেশনে এটি বিরোধীদলের চতুর্থ ওয়াকআউট। এর আগেও গতকাল ‘গণবিরোধী’ একটি বিল পাসের অভিযোগে তারা অধিবেশন ত্যাগ করেছিলেন।